# হরমুজ প্রণালী খুলতে যুক্তরাষ্ট্রের ক্ষতিপূরণ দাবি ইরানের



ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি। ছবি: সংগৃহীত

হরমুজ প্রণালি পুনরায় খুলে দেওয়ার আগে যুক্তরাষ্ট্রকে ক্ষতিপূরণ দিতে হবে বলে জানিয়েছেন ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি। একই সঙ্গে ইরান ও ওমানের মধ্যে হরমুজ নিয়ে নতুন একটি প্রোটোকল বা সমঝোতা প্রায় চূড়ান্ত পর্যায়ে রয়েছে বলেও জানিয়েছেন তিনি।

নিজের টেলিগ্রাম চ্যানেলে দেওয়া এক বার্তায় আরাঘচি জানান, শুধু ওমানের সঙ্গে সমঝোতা হলেই হরমুজ প্রণালি খুলে দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হবে না। এ ক্ষেত্রে আরও কয়েকটি শর্ত পূরণ করতে হবে।

ইরানের পররাষ্ট্রমন্ত্রীর বক্তব্য অনুযায়ী, ইসলামাবাদ সমঝোতা স্মারক (এমওইউ) লঙ্ঘনের কারণে ইরানের যে ক্ষতি হয়েছে, তার জন্য যুক্তরাষ্ট্রকে ক্ষতিপূরণ দিতে হবে। প্রণালি পুনরায় চালুর ক্ষেত্রে এটিকে অন্যতম গুরুত্বপূর্ণ শর্ত হিসেবে উল্লেখ করেন তিনি।

আরাঘচি বলেন, হরমুজ ইস্যুতে তেহরান ও মাসকাটের মধ্যে আলোচনা উল্লেখযোগ্যভাবে এগিয়েছে। দুই দেশ নতুন একটি প্রোটোকলে পৌঁছানোর কাছাকাছি রয়েছে। তবে নৌপথটি সম্পূর্ণভাবে খুলে দেওয়ার আগে সংশ্লিষ্ট অন্যান্য শর্তও বাস্তবায়ন করতে হবে।

বিশ্বের গুরুত্বপূর্ণ জ্বালানি পরিবহনপথগুলোর একটি হরমুজ প্রণালি। এই পথ দিয়ে বিপুল পরিমাণ তেল ও গ্যাস আন্তর্জাতিক বাজারে যায়। ফলে প্রণালিতে জাহাজ চলাচল নিয়ে ইরানের যেকোনো সিদ্ধান্ত বৈশ্বিক জ্বালানি সরবরাহ এবং তেলের দামের ওপর বড় ধরনের প্রভাব ফেলতে পারে।